# 3 日本の出産について
# (জাপানে সন্তান জন্মদান সম্পর্কে)



## 妊娠中

定期的に病院で診察をうける妊婦健康診査(妊婦健診)は、妊娠中の回数はだいたい14回です。
日本では、妊婦健診を、妊娠初期から23週ごろまでは4週間に1回、妊娠35週ごろまでは2週間に1回、それ以降の出産までは1週間に1回うけることになっています。

| | |
|---|---|
| 妊娠初期から妊娠23週まで | 4週間に1回 |
| 妊娠24週から妊娠35週まで | 2週間に1回 |
| 妊娠36週から出産までは | 1週間に1回 |

日本では、妊娠·出産には健康保険の適応がないので、病気で診察を受けるよりも費用が高いことがあります。
母子手帳に14回分の妊婦健診の費用を補助する補助券がついていますので、役所から母子手帳をもらってください。この補助券で妊婦健診の費用が無料になることもありますが、検査によっては自己負担をしなければならないこともあります。また、ママの状態によっては、妊婦健診の回数が14回よりも多くなることもありますので、そのときは自己負担になります。

出産の費用は、大学病院、総合病院、個人病院、助産院など、場所によってちがいます。

日本の健康保険に入っていれば、出産育児一時金(50万円:2023年)をもらうことができます。

## গর্ভাবস্থায় নিয়মিত পরীক্ষা:

জাপানে গর্ভাবস্থায় মোট ১৪ বার স্বাস্থ্য পরীক্ষা করা হয়। ২৩ সপ্তাহ পর্যন্ত প্রতি ৪ সপ্তাহে একবার, ৩৫ সপ্তাহ পর্যন্ত প্রতি ২ সপ্তাহে একবার, এবং তার পর থেকে প্রতি ১ সপ্তাহে একবার গ্রহণ করা হবে।

| | |
|---|---|
| গর্ভধারণের শুরু থেকে ২৩ সপ্তাহ পর্যন্ত | প্রতি ৪ সপ্তাহে একবার |
| গর্ভধারণের শুরু থেকে ২৩ সপ্তাহ পর্যন্ত | প্রতি ২ সপ্তাহে একবার |
| ৩৬ সপ্তাহ থেকে সন্তান জন্ম পর্যন্ত | প্রতি সপ্তাহে একবার |

জাপানে গর্ভাবস্থা ও সন্তান জন্মদানের জন্য স্বাস্থ্য বীমা সাধারণত প্রযোজ্য নয়। তাই চিকিৎসার খরচ অন্যান্য সাধারণ রোগের তুলনায় বেশি হতে পারে।

মা ও শিশুর স্বাস্থ্য বইয়ে ১৪ বার পরীক্ষার জন্য খরচের কুপন সংযুক্ত থাকে, যা স্থানীয় দপ্তর থেকে সংগ্রহ করতে হয়। এই কুপন ব্যবহারে কিছু পরীক্ষা বিনামূল্যে হয়। তবে কিছু পরীক্ষার জন্য নিজ খরচে ব্যয় বহন করতে হতে পারে। গর্ভাবস্থার পরিস্থিতি অনুযায়ী পরীক্ষার সংখ্যা ১৪ বারের বেশি হলে অতিরিক্ত খরচ নিজেকে বহন করতে হয়।

**সন্তান জন্মদানের খরচ:**

খরচের পরিমাণ হাসপাতাল, ক্লিনিক, বা মেটারনিটি হোমের উপর নির্ভর করে।
জাপানের স্বাস্থ্য বীমার আওতায় সন্তান জন্মদান ও শিশু যত্নের জন্য এককালীন ৫০০,০০০ ইয়েন (২০২৩ সালের হিসাব অনুযায়ী) পাওয়া যায়

## 出産について

出産は、経膣分娩(下から出産すること)と帝王切開(手術での出産)に分けられます。

### ■ 経膣分娩(下から出産すること)

・自然分娩
・処置がある…促進剤を使った分娩
　　　　　　吸引分娩、鉗子分娩
　　　　　　無痛分娩



吸引分娩



鉗子分娩



無痛分娩

### ■ 帝王切開(手術での出産)

・予定帝王切開
・緊急帝王切開

出産の方法は医師と相談して決めますが、陣痛がはじまったあとのママと赤ちゃんの状況によっては、かわることもあります。
帝王切開は、双子や逆子などの理由で妊娠中に手術の日にちを決める予定帝王切開と、出産のときに何かがおこって緊急に手術で出産する緊急帝王切開があります。
経膣分娩を予定していても、状況によっては急に帝王切開にかわることもあります。そのときは、かならず医師から説明があります。
また、日本では、希望で帝王切開は選べません。
出産のときに、パートナーや家族、子どもが出産の部屋に入れるかどうかは、病院によってちがいます。

## সন্তান জন্মদানের পদ্ধতি:

সন্তান জন্মদানের পদ্ধতিকে দুই ভাগে ভাগ করা হয়:

### ■ প্রাকৃতিক প্রসব (নিচ দিয়ে)

- স্বাভাবিক প্রসব
- প্রসব প্রক্রিয়া দ্রুত করার জন্য ঔষধ ব্যবহার
- ভ্যাকুয়াম বা ইনস্ট্রুমেন্ট প্রসব
- ব্যথাহীন প্রসব



ভ্যাকুয়াম প্রসব



প্লাইয়ার



চিমটিযুক্ত

### ■ সিজারিয়ান প্রসব (অস্ত্রোপচারের মাধ্যমে)・

- পূর্বনির্ধারিত সিজারিয়ান প্রসব
- জরুরি সিজারিয়ান প্রসব

ডাক্তার ও রোগীর আলোচনা সাপেক্ষে প্রসবের পদ্ধতি নির্ধারণ করা হয়| তবে, প্রসবের সময় মা ও শিশুর পরিস্থিতির উপর ভিত্তি করে পদ্ধতিতে পরিবর্তন আসতে পারে|
সিজারিয়ান প্রসব করার কারণগুলোর মধ্যে যমজ শিশু, উল্টো অবস্থান ইত্যাদি অন্তর্ভুক্ত| যাদের পূর্ব থেকে সিজারিয়ান প্রসব নির্ধারণ করা হয়নি, তাদের ক্ষেত্রেও প্রসবের সময় পরিস্থিতি অনুযায়ী সিজারিয়ান করা হতে পারে|
জাপানে শুধুমাত্র ইচ্ছার ভিত্তিতে সিজারিয়ান প্রসব বেছে নেওয়া যায় না|
হাসপাতালের নিয়ম অনুযায়ী, প্রসবকালে স্বামী বা পরিবারের সদস্যদের প্রসব কক্ষে প্রবেশ করার অনুমতি নির্ধারিত হয়|